ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৭৮৪
বিলোনীয়া, ১৭ জুলাই,২০২৫

**ঋষ্যমুখ ব্লকে ১২,০৫২টি বাড়িতে পানীয়জলের সংযোগ**

রাজ্যের ১০০ শতাংশ বাড়িতে পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয়জল সরবরাহ করা রাজ্য সরকারের লক্ষ্য। পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর সেই লক্ষ্যে কাজ করে চলেছে। জল জীবন মিশন-২.০-এর আওতায় চলতি অর্থবছরে এখনও পর্যন্ত ঋষ্যমুখ ব্লকে ৩৫টি বাড়িতে পাইপলাইনের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই ব্লক এলাকায় মোট বাড়ি রয়েছে ১৪ হাজার ১৯০টি। এখনও পর্যন্ত মোট ১২ হাজার ৫২টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এখানে ৮৪.৯৩ শতাংশ বাড়ি পানীয়জলের সংযোগের আওতায় এসেছে। অবশিষ্ট বাড়িগুলিতে ক্রমান্বয়ে সংযোগ প্রদান করা হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****